

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৯৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩. নাবী (ﷺ) এর সালাতের ওয়াক্ত ও তাঁর সালাত আদায় করার নিয়ম

باب فِي وَقْتِ صَلَاةِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَكَيْفَ كَانَ يُصلِّيهَا

আরবী

حَدَّثَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ سَعْدِ بْنِ إِبْرَاهِيمَ، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرِو، _ وَهُوَ ابْنُ الْحَسَنِ بْنِ عَلِيّ بْنِ أَبِي طَالِبٍ _ قَالَ _ سَأَلْنَا جَابِرًا عَنْ وَقْتِ، صَلَاةِ النَّبِيِّ صَلَاةِ النَّبِيِّ صَلَاةِ النَّبِيِّ صَلَى الله عليه وسلم فَقَالَ كَانَ يُصَلِّي الظُّهْرَ بِالْهَاجِرَةِ وَالْعَصْرَ وَالشَّمْسُ حَيَّةُ وَالْمَغْرِبَ إِذَا غَرَبَتِ الشَّمْسُ وَالْعِشَاءَ إِذَا كَثُرَ النَّاسُ عَجَّلَ وَإِذَا قَلُوا أَخَّرَ وَالصَّبْحَ بِغَلَس .

_ صحیح : ق

বাংলা

৩৯৭। মুহাম্মাদ ইবনু 'আমর ইবনু হাসান ইবনু 'আলী ইবনু আবূ তালিব সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমরা জাবির (রাঃ)-কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সালাতের ওয়াক্ত সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি বলেন, তিনি যুহরের সালাত আদায় করতেন ঠিক দ্বিপ্রহরের পরপরই। আর 'আসরের সালাত আদায় করতেন ঐ সময় যখন সূর্য জীবন্ত থাকত। মাগরিবের সালাত আদায় করতেন সূর্যাস্তের পরপরই। লোকজন জড়ো হলে 'ইশার সালাত তাড়াতাড়ি (প্রথম ওয়াক্তে) আদায় করতেন, আর লোকজনের উপস্থিতি কম হলে বিলম্বে আদায় করতেন। তিনি ফজরের সালাত অন্ধকারে আদায় করতেন।[1]

সহীহ: বুখারী ও মুসলিম।

English

Muhammad b. 'Amr b. al-Hasan reported:

We asked Jabir about the time of the prayer of the Messenger of Allah (ﷺ).



He said: He used to offer the Zuhr prayer in the midday heat, the 'Asr prayer when the sun was bright, the Maghrib prayer when the sun had completely set, the Isha prayer early when many people were present, but late if there were few, and the Fajr prayer in the darkness (of the dawn).

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ সালাতের সময়, অনুঃ মাগরিবের সময়, হাঃ ৫৬০), মুসলিম (অধ্যায়ঃ মাসাজিদ, উভয়ে শু'বাহ থেকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনু 'আমর ইবনু হাসান ইবনু 'আলী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন